মুকসুদপুর উপজেলা পরিষদের নভেম্বর ২০২১ মাসের মাসিক সভার কার্য-বিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ কাবির মিয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ ।
তারিখ ঃ ০১/১১/২০২১ খ্রিঃ । সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদসবৃন্দ ঃ- পরিশিষ্ট " ক "
অনুপস্থিত সদসবৃন্দ ঃ- পরিশিষ্ট " খ "

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি সভা সুষ্ঠুভাবে পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

ক্রমিক নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর নিয়ন্ত্রণে জনসাধারণকে মাস্ক ব্যবহার ও স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপজেলা স্বাঃ ও পঃ পঃ অফিসার
২।	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয় ।	উপজেলা কৃষি অফিসার
৩।	প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, নতুন অর্থ বছরের বরাদ্দ পাওয়ার পর কাজ শুরু হবে। ঘর নির্মাণ কাজ চলছে।	বিভাগীয় কাজ সঠিকভাবে করতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার
৪।	শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । করোনার প্রাদুর্ভাবে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ আছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার
৫।	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা মৎস্য অফিসার
৬।	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার
৭।	জনস্বাস্থ্য বিভাগ	সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সকল কাজ সুষ্ঠুভাবে করতে হবে।	সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য
৮।	নির্বাচন বিভাগ	উপজেলা নির্বাচন অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পর্যায়ক্রমে স্মার্ট কার্ড বিতরণ করা হবে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে করতে হবে।	উপজেলা নির্বাচন অফিসার
৯।	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা সমবায় অফিসার
১০।	আমার বাড়ি আমার খামার প্রকল্প	উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার

ক্রমিক নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১১।	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
১২।	সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	উপজেলা সমাজসেবা অফিসার
১৩।	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, পৌরসভা এলাকায় ওএমএস কার্যক্রম শুরু হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	ওএমএস কর্মসূচীর কার্যক্রম সঠিকভাবে করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১৪।	বন বিভাগ	উপজেলা ফরেস্টার জানান, কমলাপুর ব্রীজ হতে বরইতলা পর্যন্ত রাস্তায় কিছু মরা ও পড়া গাছ আছে। গাছগুলি অপসারণ করা প্রয়োজন।	কমলাপুর ব্রীজ হতে বরইতলা পর্যন্ত রাস্তায় মরা ও পড়া গাছ অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা ফরেস্টার
১৫।	প্রকৌশল বিভাগ	১) উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রাণিসম্পদ অফিসের সামনে দীর্ঘদিন যাবত জলাবদ্ধতা থাকায় উক্ত অফিসের কর্মকর্তা-কর্মচারীসহ আগত সেবা গ্রহীতাদের সমস্যা হচ্ছে। সমস্যা নিরসনে বালু ভরাট করা প্রয়োজন। ২) উপজেলা নির্বাচন অফিসের সামনে সেবা গ্রহীতাদের দাঁড়িয়ে থেকে কস্ট করতে হয়। উক্ত স্থানে সেবা গ্রহীতাদের জন্য একটি বসার স্থান নির্মাণ করা প্রয়োজন। ৩) উপজেলা পরিষদের অভ্যন্তরে লাইটিং ব্যবস্থা না থাকায় নিরাপত্তায় সমস্যা হচ্ছে। লাইটিং সিস্টেম স্থাপন করা প্রয়োজন। ৪) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের দোতলা এবং উপজেলা হিসাব রক্ষণ অফিসারের অফিস কক্ষ টাইলস করা প্রয়োজন। ৫) উপজেলা প্রকৌশলী আরো জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে পুরাতন জরাজীর্ণ ভবন (উপজেলা কৃষি অফিসারের বীজতলা প্রদর্শনী ভবন, উপজেলা পরিষদের কামিনী আবাসিক ভবন, উপজেলার পুরাতন মূল প্রশাসনিক ভবন এবং হলরুম, উপজেলার প্যরাতন প্রশাসনিক ভবন(বর্তমান শিক্ষা অফিস, উপজেলা বন বিভাগের (ফরেস্টার) ভবন, উপজেলা পরিষদ চেয়ারম্যানের পুরাতন আবাসিক ভবন, উপজেলা পরিষদের BADC অফিস (পুরাতন) ভবন, উপজেলা পরিষদের BADC গুদাম (পুরাতন) ভবন এবং উপজেলা শিল্পকলা একাডেমি ভবন) ভাঙ্গার জন্য মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গিয়েছে। ভবনসমূহ নিলামে বিক্রয় করা প্রয়োজন। ৬) তিনি আরো জানান, উপজেলা পরিষদের সীমানা প্রাচীর রাজস্ব বাজেটের আওতায় নির্মাণের জন্য মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গিয়েছে। যা বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা প্রয়োজন।	১) প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। ২) প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। ৩) প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। ৪) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের দোতলা এবং উপজেলা হিসাব রক্ষণ অফিসারের অফিস কক্ষ টাইলস করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৫) উল্লেখত ভবনসমূহ নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। নিলাম কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা করবে। ৬) e-gp এর মাধ্যমে OTM পদ্ধতিতে দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী

ক্রমিক নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		৭) উপজেলা প্রকৌশলী জানান, উজানী-রাহুথড় সড়কটি প্রস্তুত করার জন্য রাস্তার পাশে অবস্থিত গাছগুলির মধ্যে কমবেশি ৮০০টি গাছ নিলামে বিক্রয় করা প্রয়োজন। ৮) উপজেলা প্রকৌশলী আরো জানান, ১২টি ইউনিয়ন পরিষদ হতে এডিপি প্রকল্প তালিকা পাওয়া গিয়েছে। অবশিষ্ট ৪টি ইউনিয়ন পরিষদকে জরুরি ভিত্তিতে এডিপি প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করেন।	৭) গাছগুলি নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। ৮) অবশিষ্ট ইউনিয়ন পরিষদকে জরুরী ভিত্তিতে এডিপি তালিকা জমা দেয়ার জন্য অনুরোধ করা হয়।	
১৬।	বিবিধ	১) উপজেলা প্রকৌশলী জানান, বাঁশবাড়িয়া ইউনিয়নের পারইহাটী রাস্তা এইচবিবিকরণ প্রয়োজন। এ প্রকল্পে ৮,৩০,০০০/- টাকার প্রাক্কলন দাখিল করেন। ২) গোবিন্দপুর ইউনিয়নের সালিনাবক্সা গ্রামে সালিনাবক্সা খালের পাড় বাঁধাই করার প্রস্তাব করেন। একাজে ৫,০০,০০০/- টাকার প্রাক্কলন দাখিল করেন।	বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

10-11-21
(মোঃ কাবির মিয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মুকসুদপুর, গোপালগঞ্জ।

স্মারক নং- ০৫.৩০.৩৫৫৮.০০৩.১৮.০৭৯.১১- ৭২৫

তারিখ ঃ ১০ /১১/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

১। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ ।
২। উপজেলা .... অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ ।
৩। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ ।

১০/১১/২১
(মোঃ জোবায়ের রহমান রাশেদ)
উপজেলা নির্বাহী অফিসার
মুকসুদপুর, গোপালগঞ্জ ।